



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

প্রকা/এইচআরএমডি-১/৪(১)/২০১৭-২০১৮/ ৪২১৭

Phone : 9553637
dgmpd1@krishibank.org.bd
www.krishibank.org.bd
তারিখ : ২০.০৩.২০১৮ইং

সকল মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়সমূহ
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ২০১৬ - ২০১৭ অর্থ বছরে নবনিয়োগপ্রাপ্ত উর্ধতন কর্মকর্তা ও কর্মকর্তাদের পোস্টিং প্রদান প্রসংগে।

প্রিয় মহোদয়


উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, ২০১৬ ও ২০১৭ অর্থ বছরে ১৪৭ জন উর্ধতন কর্মকর্তা এবং ৫১৪ জন কর্মকর্তা বাংলাদেশ কৃষি ব্যাংকে যোগদান করেছে। বিভাগাধীন শাখা সমূহের লোকবলের ঘাটতি পূরণের লক্ষ্যে এসকল কর্মকর্তাদেরকে শাখায় পোস্টিং দেয়ার গুরুত্বারোপ করা হলেও দেখা যায় যে, কোন কোন ক্ষেত্রে নবনিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদেরকে শাখা পর্যায়ে পোস্টিং না দিয়ে নিয়ন্ত্রণকারী কার্যালয় (বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়) সমূহে পোস্টিং দেয়া হয়েছে। এসকল কর্মকর্তাদেরকে নিয়ন্ত্রণকারী কার্যালয়ে পদায়নের ফলে একদিকে যেমন ব্যাংক ক্ষতিগ্রস্ত হচ্ছে অপরদিকে সংশ্লিষ্ট কর্মকর্তাগণও মাঠ পর্যায়ের অভিজ্ঞতা থেকে বঞ্চিত হচ্ছে, যা ব্যাংকের হিউম্যান ক্যাপিটাল সৃষ্টির অন্তরায়।

০২। নিয়োগ কার্যক্রম একটি দীর্ঘ ও সময়সাপেক্ষ প্রক্রিয়া। বর্তমানে প্রায় প্রতিদিনই ব্যাংকের সকল স্তরে অবসরজনিত কারণে লোকবলের শূণ্যতা সৃষ্টি হচ্ছে। এই শূণ্যতা পূরণ এবং ব্যাংকের সার্বিক কার্যক্রমকে গতিশীল রাখার লক্ষ্যে নবনিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদেরকে (উর্ধতন কর্মকর্তা ও কর্মকর্তা) ব্যাংকের দক্ষ, অভিজ্ঞ ও কার্যোপযোগী হিউম্যান ক্যাপিটাল হিসেবে গড়ে তুলতে শাখায় কর্মরত থেকে হাতে কলমে কাজের ব্যবস্থা/প্রশিক্ষণের কোন বিকল্প নেই।

০৩। এমতাবস্থায়, ২০১৬-২০১৭ অর্থ বছরে ব্যাংকে নিয়োগপ্রাপ্ত এবং নিয়ন্ত্রণকারী কার্যালয়সহ আপনার কার্যালয়ে নবনিয়োগপ্রাপ্ত যে সকল উর্ধতন কর্মকর্তা ও কর্মকর্তাদেরকে পদায়ন করা হয়েছে এসকল কর্মকর্তাদেরকে অবিলম্বে ঘাটতি জনবলসম্পন্ন শাখায় দ্বিতীয় কর্মকর্তা হিসেবে পোস্টিং/পদায়ন প্রদানপূর্বক নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী।

আপনার বিশ্বস্ত



20/03/18
(মোঃ আফজাল করিম)
মহাব্যবস্থাপক(প্রশাসন)

নং-প্রকা/এইচআরএমডি-১/৪(১)/২০১৭-২০১৮/ ৪২১৭ (৪)

তারিখ : ২০.০৩.২০১৮ইং

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৪। নথি/মহানথি।


20/03/18
(এম.এ. রউফ ভূইয়া)
উপ-মহাব্যবস্থাপক